তোমরা মিরাসের নির্দিষ্ট অংশকে (ফারায়েজকে) তার হকদারদের দিয়ে দাও, এরপর যা অবশিষ্ট থাকবে তা নিকটতর পুরুষ আত্মীয়গণ (আসাবাগণ) পাবে।

আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, “তোমরা মিরাসের নির্দিষ্ট অংশকে (ফারায়েজকে) তার হকদারদের দিয়ে দাও, এরপর যা অবশিষ্ট থাকবে তা নিকটতর পুরুষ আত্মীয়গণ (আসাবাগণ)
পাবে।” অপর বর্ণনায় এসেছে, “তোমরা আল্লাহর কিতাব অনুযায়ী ফরায়েজের হকদার মাঝে মাল বণ্টন কর, তারা যা রেখে দিবে, তা নিকটবর্তী পুরুষের জন্যে হবে”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বণ্টন অনুযায়ী মিরাসের নির্দিষ্ট অংশকে (ফারায়েজকে) তার হকদারদের শর‘ঈ ন্যায়সঙ্গত ভাবে ভাগ করে দিতে নির্দেশ দিয়েছেন। অতএব, আল্লাহর কিতাব অনুযায়ী আসহাবে ফুরুয তথা ফরায়েযের নির্দিষ্ট হকদারদের দুই তৃতীয়াংশ, তৃতীয়াংশ, ষষ্ঠাংশ, অর্ধেক, চতুর্থাংশ ও অষ্টমাংশ হারে তাদের মাঝে সম্পদ বণ্টন করে দিবে। এরপর যা অবশিষ্ট থাকবে তা মৃতব্যক্তির নিকটতম পুরুষ আত্মীয়গণ পাবেন যাদেরকে আসাবা বলা হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5887